দৈনিক ইত্তেফাক

তারিখ ... 07 MAR 1996 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

# ঢাকা ও চট্টগ্রাম ভার্সিটির ভর্তি পরীক্ষা স্থগিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ দেশের রাজনৈতিক অস্থিরতার কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ অনার্স শ্রেণীর ভর্তি পরীক্ষা অনির্দিষ্ট-

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ভর্তি পরীক্ষা স্থগিত

( ১ম পৃঃ পর )

কালের জন্য স্থগিত করা হইয়াছে। একই সঙ্গে ভর্তি পরীক্ষার ফরম বিক্রয় ও জমা নেওয়ার তারিখ ৭ দিন বর্ধিত করা হইয়াছে। গতকাল বুধবার ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত সাধারণ ভর্তি কমিটির এক সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। আগামীকাল (শুক্রবার) ছুটির দিনেও ভর্তি ফরম গ্রহণ করার সিদ্ধান্ত নেওয়া হয়। আজ (বৃহস্পতিবার) ভর্তি ফরম বিতরণের শেষ দিন এবং ১৫ই মার্চ হইতে ভর্তি পরীক্ষা শুরু হওয়ার তারিখ নির্ধারিত ছিল।